



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সেবা শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.০২.০০২.২০.৪৮০

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮

১৪ সেপ্টেম্বর ২০২১

বিষয়: চলতি অর্থ বছরে (২০২১-২০২২) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর অধীন অধিদপ্তর/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিম মঞ্জুরি প্রদান।

শিক্ষা মন্ত্রণালয়-এর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুকূলে চলতি অর্থবছরে (২০২১-২০২২) গৃহ নির্মাণ/গৃহ মেরামত, কম্পিউটার, মোটরগাড়ি, মোটর সাইকেল এবং বাইসাইকেল বাবদ ঋণ ও অগ্রিম খাতে বরাদ্দকৃত অর্থ হতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর অধীন অধিদপ্তর/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিম প্রদানের লক্ষ্যে আবেদন নিম্নোক্ত শর্তে আগামী ১৫.১০.২০২০ তারিখ অফিস সময়ের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ অগ্রায়নপত্র (ফরোয়ার্ডিং লেটার)-এর মাধ্যমে নামযুক্ত সীলসহ এ বিভাগের সেবা শাখায় সরাসরি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক)	উন্নয়ন প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারী অগ্রিম ঋণের জন্য কোন আবেদন করতে পারবেন না;
(খ)	অগ্রিম ঋণ প্রাপ্তির জন্য সরকারি চাকরি কমপক্ষে ০৫ (পাঁচ) বছর পূর্ণ হতে হবে;
(গ)	সুদসহ গৃহ নির্মাণ অগ্রিম আদায় না হওয়া পর্যন্ত গৃহ মেরামত অগ্রিম প্রদান করা হবে না;
(ঘ)	ঋীদের মূল বেতন ৬,০০০/- (ছয় হাজার) টাকা বা এর উর্ধ্বে তাঁরা মোটর গাড়ি অগ্রিম গ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
(ঙ)	আবেদনকারী পূর্বে এ ধরনের কোন ঋণ গ্রহণ করেননি এবং অগ্রিম প্রদান করা হলে তা যথাযথভাবে কর্তন করা হবে মর্মে অফিস প্রধান কর্তৃক নামযুক্ত সীলসহ প্রত্যয়ন দিতে হবে;
(চ)	গৃহ নির্মাণ, কম্পিউটার, মোটরগাড়ি এবং মোটর সাইকেল অগ্রিম গ্রহণের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প বায়নাপত্র প্রদান করতে হবে। আবেদনকারীর বয়স প্রমাণের লক্ষ্যে ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তার এস.এস.সি সনদপত্রের এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের সার্ভিস বইয়ের ৩য় ও ৪র্থ পাতাসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র কর্মকর্তার নামযুক্ত সীলসহ সত্যায়িত কপি প্রদান করতে হবে;
(ছ)	অগ্রায়নপত্রে এ বিভাগের জারীকৃত পত্রের স্মারক নং এবং তারিখ অবশ্যই উল্লেখ থাকতে হবে।

১৪-৯-২০২১

মোঃ শামসুল আলম

উপসচিব

ফোন: ২২৩৩৮৪৫৮২

ইমেইল: service.sec@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.০২.০০২.২০.৪৮০/১(১৪)

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮

১৪ সেপ্টেম্বর ২০২১